

ঘোষণাপত্র

১. শিশু ও যুবদের ওপর প্রভাব ফেলতে পারে এমন কোন সিদ্ধান্ত নেয়ার আগে আমি আমার সিদ্ধান্ত নিয়ে চিন্তা করবো, এবং সেই সব সিদ্ধান্ত ও পদক্ষেপই নেব যেগুলো তাদের সর্বোত্তম উপকারে আসে;
২. আমি সকল শিশু, যুব ও প্রাপ্তবয়স্ককে বয়স, জেডার, জাতিসত্তা, সামাজিক প্রেক্ষাপট, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস, প্রতিবন্ধিত্ব, অথবা অন্য যে কোন অবস্থা নির্বিশেষে সবার সাথে একই রকম আচরণ করবো। আমি কোন শিশু বা যুবকে কোন কারণেই বিশেষ পক্ষপাত দেখাবোনা, ছোট করে দেখাবোনা অথবা অন্য শিশুদের থেকে পৃথক করবোনা;
৩. আমি জাবারাং কল্যাণ সমিতির সাথে নির্দিষ্ট সেবা দানের জন্য চুক্তিবদ্ধ হয়েছি। সংস্থার সুরক্ষা নীতিমালা বাস্তবায়নের জন্য সহায়তা করা আমারও কর্তব্য। সেবা দানের কাজ সম্পাদন করতে এমনভাবে কখনোই কাজ করবোনা যা শিশু ও যুবদের জন্য নির্যাতনমূলক, শোষণমূলক, শারীরিক অথবা মানসিকভাবে ক্ষতিকর হতে পারে;
৪. আমি এমন কোন আচরণ করবোনা যা শারীরিকভাবে যথার্থ নয়। আমি কোন শিশু ও যুবকে সাংস্কৃতিকভাবে অসংবেদনশীলভাবে আদর করা, ধরে রাখা, জড়িয়ে ধরা, চুমো খাওয়া অথবা স্পর্শ করবোনা, এবং আমি কখনোই যৌন আচরণ করবোনা;
৫. সংস্থার সেবা প্রদানের সময়কালে সংস্থার কর্মএলাকায় প্রসঙ্গক্রমে হলেও কোন শিশুর ছবি বা ভিডিও গ্রহন করার আগে আমি অবশ্যই প্রত্যেক শিশুর এবং তার মাতা-পিতা অথবা তত্ত্বাবধায়কের কাছ থেকে সম্মতি নেব। আমি এটাও নিশ্চিত করবো যে, আমি যেসব ছবি নেব সেগুলো থেকে শ্রদ্ধা ও ক্ষমতায়নের বহিঃপ্রকাশ ঘটবে এবং সেগুলোকে অবশ্যই কোন ঘটনার শিকার, বিপর্যস্ত অথবা নতমস্তক বলে মনে না হয়। আমি চিহ্নিত করা যায় এমন কোন ছবি কোন সংবাদ মাধ্যম অথবা ইন্টারনেটে প্রকাশ করবোনা, অথবা সেগুলোকে এমনভাবে ব্যবহার করবোনা যাতে করে তাদের অবস্থান চেনা যায়।
৬. আমি কোন শিশুর ওপর নির্যাতন অথবা অসদাচরণের ঘটনা দেখতে পেলে সেটা সম্পর্কে রিপোর্ট করা আমারও দায়িত্ব। সংস্থার সাথে চুক্তিবদ্ধ সময়কালে এমন ঘটনার সম্মুখীন হলে ২৪ ঘন্টার মধ্যে সংস্থার দায়িত্বপ্রাপ্ত শিশু সুরক্ষা ফোকাল পয়েন্ট অথবা একজন সিনিয়র কর্মকর্তাকে জানাবো।
৭. আমি জাবারাং কল্যাণ সমিতির সুরক্ষা নীতিমালা সম্পর্কে অবগত হয়েছি, সুরক্ষা নীতিমালা পাঠ করেছি এবং বুঝেছি যে, নীতিমালার শর্তসমূহ চুক্তিবদ্ধকালে আমার ক্ষেত্রেও প্রযোজ্য হবে। আমার দ্বারা কোন অনিয়ম হলে সংস্থার নীতিমালা অনুসারে গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নেব।

নাম:

পদবী:

প্রতিষ্ঠান:

মোবাইল:

স্বাক্ষর ও তারিখ: